**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 30-03-2026** **Time:- 1-40 PM**

**বিশেষ বিশেষ খবর ঃ-**

১/ রাজ্য বিধানসভা নির্বাচনের প্রথম দফায় ১৬ টি জেলার ১৫২ টি আসনে ২৩শে এপ্রিলের ভোট গ্রহণের জন্য আজ বিজ্ঞপ্তি জারি হয়েছে। # এইসঙ্গেই শুরু হয়ে গেছে মনোনয়ন পত্র জমা দেবার কাজ।

২/ রাজ্যে SIR প্রক্রিয়ায় চতুর্থ অতিরিক্ত তালিকা গতরাতে প্রকাশিত হয়েছে।

৩/ নির্বাচন কমিশন, রাজ্যের ১৭০-টি থানার ওসিদের পাশাপাশি ৮৩ জন বিডিও ও ARO-কে সরিয়ে দিয়েছে।

৪/ জনগণনা-২০২৭, আগামী পয়লা এপ্রিল শুরু হচ্ছে।

৫/ ওড়িশার তালসারিতে শ্যুটিং করতে গিয়ে জলে ডুবে মৃত জনপ্রিয় অভিনেতা রাহুল অরুণোদয় ব্যানার্জীর দেহ, ময়নাতদন্তের পর আজ কলকাতায় নিয়ে আসা হচ্ছে।

*************************************************************************

রাজ্য বিধানসভা নির্বাচনে প্রথম দফার জন্য বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। এর সঙ্গেই শুরু হয়েছে মনোনয়নপত্র জমা দেওয়ার কাজ। ৬ ই এপ্রিল পর্যন্ত প্রার্থীপদ দাখিল করা যাবে। পরদিন জমা পড়া মনোনয়ন পত্রগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন ৯ ই এপ্রিল। প্রথম দফায় আগামী ২৩ শে এপ্রিল ১৫২ টি আসনে ভোট নেওয়া হবে। দ্বিতীয় দফায় ১৪২ টি আসনে নির্বাচন হবে ২৯ শে এপ্রিল। এই পর্বের জন্য বিজ্ঞপ্তি জারি হবে আগামী দোসরা এপ্রিল। ভোটগণনা চৌঠা মে।

একইসঙ্গে জারি হয়েছে তামিলনাড়ু বিধানসভা নির্বাচনে একমাত্র দফার ভোট গ্রহণের জন্য বিজ্ঞপ্তি জারি হয়েছে।

*************************************************************************

পশ্চিমবঙ্গের SIR প্রক্রিয়ায় চতুর্থ অতিরিক্ত তালিকা গতরাতে প্রকাশিত হয়েছে। তবে নতুন তালিকা প্রকাশের পরেও মোট কত নাম অন্তর্ভুক্ত হল এবং কত নাম বাদ গেল, সে বিষয়ে এখনও স্পষ্ট ছবি সামনে আসেনি। নির্বাচন কমিশন সূত্রের খবর, এদিনের তালিকায় প্রায় ২ লক্ষ ভোটারের নাম প্রকাশিত হয়েছে। ফলে ইতিমধ্যেই প্রকাশিত চারটি সাপ্লিমেন্টারি তালিকা মিলিয়ে মোট প্রায় ৩৫ লক্ষ নাম সামনে এসেছে।

অন্যদিকে কমিশন সূত্রে জানা গিয়েছে, এখনও পর্যন্ত প্রায় ৪০ লক্ষ নামের নিষ্পত্তি হয়েছে। তবে সব ক্ষেত্রে ই-সাইন সম্পূর্ণ না হওয়ায় সেই সমস্ত নাম এখনও তালিকায় প্রকাশ করা যায়নি। প্রকাশিত তথ্য অনুযায়ী, মোট নিষ্পত্তিকৃত নামের মধ্যে প্রায় ৪৫ শতাংশ বাদ পড়েছে বলে ইঙ্গিত মিলছে। সেই হিসেবে এখনও পর্যন্ত প্রায় ১৮ লক্ষের কাছাকাছি নাম তালিকা থেকে বাদ গিয়েছে বলে অনুমান করা হচ্ছে।

**********************************************************************************

বিধানসভা নির্বাচনের আগে রাজ্যে  ব্লক ডেভেলপমেন্ট অফিসার (বিডিও) এবং সহকারি রিটার্নিং অফিসার (এআরও) মিলিয়ে মোট ৮৩ জন আধিকারিককে বদলি ও নতুন পদে নিয়োগ করেছে নির্বাচন কমিশন। মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরের পাঠানো প্রস্তাবের ভিত্তিতেই এই সিদ্ধান্ত।এর মধ্যে পূর্ব মেদিনীপুরে সবচেয়ে বেশি সংখ্যক ১৪ জন আধিকারিককে বদলি করা হয়েছে। এরপরই রয়েছে দক্ষিণ ২৪ পরগণা। এই জেলায় ১১ জনকে বদলি করা হয়েছে। এছাড়াও কোচবিহার, জলপাইগুড়ি, মালদহ, মুর্শিদাবাদ, উত্তর ২৪ পরগনা, হাওড়া, হুগলি, পুরুলিয়া, বীরভূম-সহ একাধিক জেলায় বিডিও এবং এআরও-কে বদলি করেছে নির্বাচন কমিশন। গতকাল ই নির্বাচন কমিশন ভবানীপুর, নন্দীগ্রাম সহ রাজ্যের মোট ১৭০টি থানার ওসি-কে সরিয়ে দিয়েছে। এছাড়াও উচ্চপদস্থ ১১ জন আধিকারিক-সহ মোট ১৮৪ জন পুলিশ আধিকারিকের বদলি ও পুনর্বিন্যাসে অনুমোদন দিয়েছে কমিশন।

এদিকে,রাজ্যের ২৬৭ জন বিডিও এবং বিভিন্ন থানার  ওসি ও আইসি দের  বদলি করার  বিরুদ্ধে আইনজীবী ও তৃণমূল সাংসদ  কল্যাণ বন্দ্যোপাধ্যায়, প্রধান বিচারপতি সুজয় পালের  ডিভিশন বেঞ্চের দৃষ্টি আকর্ষণ মামলা দায়েরের অনুমতি চেয়েছিলেন। মামলা দায়েরের অনুমতি দিয়েছেন  প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ। এর পাশাপাশি দ্রুত শুনানির আবেদন ও জানানো হয়েছে। আগামীকাল শুনানির সম্ভাবনা।

উল্লেখ্য, এর আগে আইএএস ও আইপিএসদের বদলি করার বিরুদ্ধে ও হাইকোর্টে জনস্বার্থ মামলা দায়ের করা হয়েছিল।সেই মামলার শুনানি শেষে রায়দান স্থগিত রেখেছে আদালত।

**********************************************************************************

কেন্দ্রীয় মন্ত্রী পীযূষ গোয়েল, কিরেণ রিজেজু ও সুকান্ত মজুমদারের নেতৃত্বে বিজেপির একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধি দল আজ নির্বাচন সদনে যান। নির্বাচন কমিশনের সঙ্গে সাক্ষাতের পর শ্রী রিজিজু বলেন, পশ্চিমবঙ্গে অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচন হওয়া উচিত। তৃনমূল কংগ্রেস নেত্রী ও মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি রাজ্যে নির্বাচনী প্রক্রিয়াকে অপহরণ করে নিয়েছে বলে তাঁদের অভিযোগ। অবাধ ও সুষ্ঠু নির্বাচনের জন্য সব রকম ব্যবস্থা নেওয়া হবে বলে নির্বাচন কমিশন তাঁদের আশ্বাস দিয়েছে।

*******************************************************************************

ভোটের দামামা বেজে ওঠার সঙ্গে সঙ্গে জেলাগুলিতে শুরু হয়েছে প্রস্তুতি। এই নির্বাচনে অন্যতম গুরুত্বপূর্ণ জেলা হল- **মুর্শিদাবাদ** ।

এক নজরে দেখে নেওয়া যাক এই জেলার ভোটচিত্র।

*******************************************************************************

ফারাক্কার কংগ্রেস প্রার্থী মেহতাব শেখের নাম এসআইআর তালিকায় না থাকায় তিনি এই নির্বাচনে লড়াই করতে পারবেন না বলে আশঙ্কা প্রকাশ করে ,কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন। প্রার্থী পদ ঘোষণা হলেও , তালিকায় না থাকা ব্যক্তিদের আবেদনের জন্য এখনো পর্যন্ত ট্রাইবুনাল কাজ শুরু করতে পারেনি।এই পরিস্থিতিতে আদালতের এ বিষয়ে হস্তক্ষেপ এর করুক আর্জিও জানিয়েছেন তিনি।কিন্তু প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চ জানিয়েছে, SIR সংক্রান্ত সমস্ত মামলার শুনানি গ্রহণ করছে সুপ্রিম কোর্ট। সুপ্রিম কোর্টের নির্দেশ রয়েছে যে কোন হাইকোর্ট এসআইআর মামলা শুনানি গ্রহণ করতে পারবে না।কলকাতা হাইকোর্ট শুধু সুপ্রিম কোর্টের নির্দেশে প্রশাসনিক কাজের তদারকি করছে। তাই আবেদনকারীকে সুপ্রিম কোর্টেই আবেদন জানাতে হবে।

আগামী পয়লা এপ্রিল মেহতাব শেখ সুপ্রিম কোর্টের দ্বারস্থ হবেন বলে মেহতাব শেখের আইনজীবী জানিয়েছেন।

*******************************************************************************

পূর্ব বর্ধমানের মন্তেশ্বর বিধানসভায় কংগ্রেস প্রার্থী জ্যোতির্ময় মন্ডলকে নিয়ে ক্ষোভ তৈরি হয়েছে কংগ্রেস শিবিরে। মন্তেশ্বরের প্রার্থীকে ‘তৃণমূলের দালাল’ বলে, প্রার্থী বদলের দাবিতে কুসুমগ্রামের দলীয় কার্যালয়ে গতরাতে বিক্ষোভ দেখান দলের নেতাকর্মীরা। জেলা কংগ্রেসের সংখ্যালঘু সেলের সভাপতি তথা মন্তেশ্বর এলাকার বাসিন্দা বুলবুল আহমেদ শেখ বলেন, জ্যোতির্ময় মন্ডল কংগ্রেসের কোনও কর্মসূচিতেই থাকেন না। তার স্ত্রী উত্তরা মন্ডল মন্তেশ্বর পঞ্চায়েতে বর্তমানে তৃণমূলের সদস্য। এখনও সে তৃণমূলের হয়ে প্রচার করে। প্রার্থী পরিবর্তনের দাবি জানান তারা।

*******************************************************************************

জনগণনা ২০২৭ এর প্রক্রিয়া আগামী মাসের পয়লা তারিখ থেকে শুরু হচ্ছে। এটি দেশের ১৬ তম এবং স্বাধীনতার পর অষ্টম জনগণনা। জনগণনা কমিশনার ও রেজিস্ট্রার জেনারেল মৃত্যুঞ্জয় কুমার নারায়ণ আজ সাংবাদিক বৈঠকে জানান, নির্দিষ্ট সময়সীমায় মধ্যে শেষ করা হবে। পয়লা এপ্রিল থেকে ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত ৩০ দিনের মধ্যে রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে বাড়ি বাড়ি গিয়ে গণনার কাজ চলবে। এই জনগণনায় নিজে থেকে ফর্ম পূরণ করা যাবে। এর সময়সীমা ১৫ দিন। জনগণনার ওয়েব পোর্টালে এই ফর্মটি ১৬ টি ভাষায় পাওয়া যাবে বলেও জানান কমিশনার।

*******************************************************************************

উত্তর ২৪ পরগনার বাদুড়িয়ার রায়পুরে রাস্তা তৈরিকে কেন্দ্র করে রণক্ষেত্র হয়ে উঠল গ্রাম। বাগডোলা পঞ্চায়েত এলাকায় দুই পক্ষের সংঘর্ষে মৃত্যু হয়েছে সামিনুর ইসলাম মন্ডল নামে এক ব্যক্তির। গুরুতর আহত আরও চারজনকে উদ্ধার করে বাদুড়িয়া হাসপাতালে ভর্তি করা হয়েছে। খবর পেয়েই ঘটনাস্থলে পৌঁছায় বিশাল পুলিশ বাহিনী। পরিস্থিতি বর্তমানে থমথমে থাকলেও পুলিশি টহল জারি রয়েছে। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

**************************************************************************

ওড়িশার তালসারিতে শ্যুটিং করতে গিয়ে জলে ডুবে মৃত জনপ্রিয় অভিনেতা রাহুল অরুণোদয় ব্যানার্জীর দেহ, দীঘার হাসপাতালে ময়নাতদন্তের পর আজ কলকাতায় নিয়ে আসা হচ্ছে। জলের নীচে এক ঘন্টার'ও বেশী সময় থাকায় বালি ও নোনা জল ফুসফুসে ঢুকে অভিনেতার মৃত্যু হয়েছে বলে প্রাথমিক রিপোর্টে উল্লেখ রয়েছে বলে খবর।

গতকাল বিকেলে শ্যুটিং গিয়ে সমুদ্রে তলিয়ে যান তিনি। তাঁকে উদ্ধার করে দীঘার হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন। মাত্র ৪২ বছর বয়সে রাহুলের এই অকাল প্রয়াণে চলচ্চিত্র মহলে শোকের ছায়া নেমে এসেছে।

**************************************************************************

মুম্বইয়ের ওয়াংখেড়ে স্টেডিয়ামে গতকাল IPL ক্রিকেটের ম্যাচে কলকাতা নাইটরাইডার্স, মুম্বই ইন্ডিয়ান্স-এর কাছে ৬ উইকেটে পরাজিত হয়েছে। প্রথমে ব্যাট করে নাইট রাইডার্স ২০ ওভারে ৪ উইকেটে ২২০ রান তোলে। জবাবে ব্যাট করতে নেমে মুম্বই চার উইকেট হারিয়ে পাচঁ বল বাকি থাকতে লক্ষ্যে পৌঁছে যায়।

KKR, আগামী বৃহস্পতিবার ইডেনে পরবর্তী ম্যাচে সানরাইজার্স হায়দ্রাবাদের বিরুদ্ধে খেলবে।

**************************************************************************